গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

[মূল্য সংযোজন কর]

স্থায়ী আদেশ

স্থায়ী আদেশ নং ০১/মূসক/২০১২ তারিখঃ ০৩ জানুয়ারী, ২০১২
খ্রিঃ

বিষয় ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর) কমিশনারেট এর Selection criteria নির্ধারণ সম্পর্কিত নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে।

বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর) কমিশনারেট এর অধীনে করদাতা প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড Selection criteria সম্পর্কিত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল ঃ

(১) বিবেচ্য বিষয়ঃ করদাতা প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে বার্ষিক টার্ণওভার, পরিশোধিত রাজস্ব এবং বৃহৎ করদাতা প্রতিষ্ঠানের এসোসিয়েট ও সাব-সিডিয়ারী সংক্রান্ত বিষয়াদি বিবেচনায় আনা বাঞ্ছনীয়। সংকুচিত মূল্যে কর পরিশোধকারীর ক্ষেত্রে প্রকৃত টার্ণওভার বিবেচনায় নিতে হবে।

(২) বৈশিষ্ট্যঃ পূর্ববর্তী ৩(তিন) বছরের গড় বার্ষিক ন্যূনতম ৫(পাঁচ) কোটি টাকা রাজস্ব পরিশোধকারী করদাতা প্রতিষ্ঠান বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর আওতাভুক্ত হবে।

(৩) পদ্ধতিঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ড, বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এবং সংশিষ্ট কমিশনারেটের মনোনীত কর্মকর্তাগণের সমন্বয়ে Selection criteria সম্পর্কিত কমিটি গঠিত হবে। এক্ষেত্রে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) উক্ত কমিটির আহ্বায়ক, বোর্ড কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা সদস্য-সচিব এবং বৃহৎ করদাতা ইউনিট (মূসক) ও সংশিষ্ট কমিশনারেট এর কমিশনার সদস্য হিসেবে বিবেচিত হবেন।

(খ) করদাতা প্রতিষ্ঠানের criteria নির্বাচনের পদ্ধতি নিম্নরূপ হবে, যথাঃ-

(অ) ভৌগলিক অবস্থান ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত। সুতরাং এর আওতাভুক্ত নির্বাচিত করদাতা প্রতিষ্ঠানের মূসক সংক্রান্ত সকল কর্মকান্ড ঢাকাস্থ একই দপ্তর হতে পরিচালিত হবে। তবে, ঢাকার বাইরে অবস্থিত কমিশনারেটভুক্ত করদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্থানীয়ভাবে বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর আঞ্চলিক কার্যালয় স্থাপনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(আ) পরিশোধিত রাজস্ব পর্যালোচনা ঃ সাধারণত সর্বাধিক রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ বৃহৎ করদাতা হিসেবে পরিগণিত হবে। এক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠানের টার্ণওভার সম্পর্কিত তথ্যাদি সহজলভ্য না হওয়ায় প্রতিটি প্রতিষ্ঠান কর্তৃক বিগত অর্থবছরের স্থানীয় পর্যায়ে পরিশোধিত মূল্য সংযোজন কর (মূসক) ও সম্পূরক শুল্কের পরিমাণ মূল মাপকাঠি হিসেবে গণ্য করতে হবে।

(ই) বৃহৎ করদাতা প্রতিষ্ঠান নির্বাচন ঃ নির্ধারিত বৃহৎ করদাতা প্রতিষ্ঠানের সহযোগী প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন করতে হবে। বৃহৎ করদাতা ইউনিটে অন্তর্ভুক্ত কোন প্রতিষ্ঠানের সহযোগী প্রতিষ্ঠান রাজস্ব পরিশোধের শর্ত পূরণ না করলেও এবং পণ্য প্রস্তুত বা সেবাদান কার্যক্রমে উপকরণের বিনিময়ে বা সরবরাহের প্রকৃতি বিবেচনায় মূল ইউনিটের সাথে সম্পর্কিত থাকার সম্ভাবনা থাকলে ঐরূপ সহযোগী প্রতিষ্ঠানও বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর অন্তর্ভুক্ত হবে। তবে, বর্তমান পরিস্থিতি ও বিদ্যমান বিধি-বিধান পর্যালোচনাপূর্বক আলোচ্য ক্ষেত্রে কমিটির সুপারিশের আলোকে (অর্থাৎ নতুন প্রতিষ্ঠানের নাম অন্তর্ভুক্তকরণ অথবা ক্ষেত্রবিশেষ প্রতিষ্ঠান পূর্ব-অবস্থানে স্থানান্তর প্রক্রিয়ায়) বৃহৎ করদাতা ইউনিট (মূসক) পুনর্গঠন করা যাবে।

০২। সর্বোচ্চ টার্ণওভারের ভিত্তিতে অন্যূন ২০০(দুইশত) প্রতিষ্ঠানকে বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর অন্তর্ভুক্ত করতে হবে। উলেখ্য যে, এসোসিয়েট ও সাব-সিডিয়ারী প্রতিষ্ঠান বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠানের সংখ্যা কোনভাবেই ২০০(দুইশত) এর অধিক হতে পারবে না। তবে, বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর কর্মক্ষমতার ভিত্তিতে অনুচ্ছেদ-০৩ এ উলিখিত কমিটি কতটি প্রতিষ্ঠান বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর নিয়ন্ত্রণাধীন থাকবে তা নির্ধারণ করতে পারবেন।

০৩। জাতীয় রাজস্ব বোর্ড বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর Selection criteria সম্পর্কিত সার্বিক বিষয়াদি মনিটর করবে এবং উদ্ভুত সমস্যা/সংকট নিরসণকল্পে বিরাজমান পরিস্থিতি পর্যালোচনান্তে এই নীতিমালা সংশোধন/পরিমার্জনের মাধ্যমে বাস্তব এবং আইনানুগ পদক্ষেপ গ্রহণ করবে।

০৪। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো। এ আদেশ জারির তারিখ হতে বোর্ডের স্থায়ী আদেশ নং ০১/মূসক/২০০৯ তারিখ ০৯-০৩-২০০৯ বাতিল বলে গণ্য হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( মোহাম্মদ আহ্‌সানুল হক )
প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)

নথি নং-১২(১০)মূসক নীতি ও বাজেট/২০০০(অংশ-১)/২১১ তারিখঃ ০৩ জানুয়ারী, ২০১২ খৃঃ।

বিতরণ ঃ

১-১২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল-া/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১৩-১৮। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল/আইসিডি(কমলাপুর)/পানগাঁও।
১৯। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
২০। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

(খ) অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। কম্পট্রোলার ও অডিটর জেনারেল অব বাংলাদেশ, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
২। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও মূসক), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৪। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ৬৯ গুলফেঁশা পাজা, মগবাজার, ঢাকা।
৫। সকল প্রথম সচিব, মূসক অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। সকল দ্বিতীয় প্রথম সচিব, মূসক অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
৮। অফিস কপি/গার্ড নথি।

( মোহাঃ মসিউর রহমান )
দ্বিতীয় সচিব (মূসক-করদাতা সেবা)